



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.nmst.gov.bd



স্মারকঃ ৩৯.০৩.০০০০.০০৫.০৬.০০৬.১৭

তারিখঃ ১১ আগস্ট, ২০২৪ খ্রি.

বিজ্ঞান জাদুঘর

সর্বোচ্চ পেশাদারিত্ব দিয়ে সরকারি সেবা নিশ্চিত করতে হবে

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের চলমান উন্নয়ন ও আধুনিকায়ন কার্যক্রম অব্যাহত রেখে কর্মকর্তা কর্মচারীদের সর্বোচ্চ পেশাদারিত্বের মাধ্যমে সততার সঙ্গে সরকারি সেবা নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেছেন মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী। আজ (১১ আগস্ট, ২০২৪খ্রিঃ) প্রতিষ্ঠানের মাসিক সমন্বয় সভায় বিজ্ঞান জাদুঘরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিজ্ঞান শিক্ষার প্রসারসহ তরুণ সমাজকে উদ্ভাবনী কার্যক্রমে সম্পৃক্ত করার উপর তিনি গুরুত্বারোপ করেন। সভায় টেলিস্কোপ প্রদর্শনীভিত্তিক মহাকাশ পর্যবেক্ষণ কার্যক্রম ছড়িয়ে দেয়ার নির্দেশনা প্রদান করা হয়। মোহাম্মাদ মুনির চৌধুরী বিজ্ঞান জাদুঘরের একাডেমিক কার্যক্রমকে গবেষণাভিত্তিক করে এ প্রতিষ্ঠানকে তরুণ প্রজন্মের জন্য উন্মুক্ত করে দেয়ার আহ্বান জানান।

বি:দ্র: নিউজটি প্রচারের জন্য অনুরোধ জানাচ্ছি।

মহাপরিচালক মহোদয়ের পক্ষে,

(মোঃ হাদিসুর রহমান)

লাইব্রেরিয়ান কাম ডকুমেন্টেশন অফিসার